অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান বংশকে স্বীকৃতি দেওয়ার জন্য স্টেটের জনসংখ্যাতাত্ত্বিক ডেটা প্রয়োজন এমন আইনে স্বাক্ষর করেন

নতুন আইন মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান কমিউনিটির জনসংখ্যাতাত্ত্বিক প্রবণতা পর্যালোচনা করতে সাহায্য করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্ক স্টেটে শ্বেতাঙ্গ, মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান গ্রুপের জন্য পৃথক সংগ্রহ বিভাগের প্রয়োজনীয়তার জন্য আইনে স্বাক্ষর করেছেন। স্টেট এজেন্সিগুলো যেভাবে জনসংখ্যাতাত্ত্বিক ডেটা সংগ্রহ করে এবং তা উন্নত করে, নিউ ইয়র্কের কাছে এই গ্রুপের মুখোমুখি অনন্য চ্যালেঞ্জগুলোর বিষয়ে আরো তথ্য এবং শেষ পর্যন্ত উপযুক্ত নীতি সমাধানের বিষয়ে অতিরিক্ত তথ্য পাবে।

"আমরা খুব গর্বিত যে বিশ্বজুড়ে কমিউনিটিগুলো নিউ ইয়র্ককে তাদের সুখী আবাসস্থল মনে করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "পাবলিক পলিসি তৈরি করার সময় সঠিক ডেটা পর্যালোচনা করা একটি মূল ভিত্তি। এটা নিশ্চিত করে যে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান কমিউনিটিগুলিকে স্টেট ডেটা সংগ্রহে সঠিকভাবে তুলে ধরা হয়েছে, আমরা এই কমিউনিটিকে এগিয়ে যাওয়ার জন্য সহায়তা করার উপায়গুলি চিহ্নিত করতে সক্ষম হব।"

আইন S6584C/A6219B প্রতিটি স্টেট এজেন্সি, বোর্ড, বিভাগ বা কমিশনকে আদেশ প্রদান করে যে বাসিন্দাদের পূর্বপুরুষ বা জাতিগত পরিচয় হিসেবে জনসংখ্যাতাত্ত্বিক ডেটা সংগ্রহ করে, নিউ ইয়র্ক স্টেটের "হোয়াইট" গ্রপের জন্য পৃথক সংগ্রহ বিভাগ ব্যবহার করতে হবে। সংগ্রহের শ্রেণিবিভাগ ও সারণীগুলিতে নিম্নলিখিত নর্থ আফ্রিকান ও মিডল ইস্টার্নের গ্রুপগুলি অন্তর্ভুক্ত রয়েছে,

1. সংখ্যাগরিষ্ঠ উত্তর আফ্রিকান (North African, NA) গ্রুপসমূহ: মিশরীয়, মরোক্কান, সুদানি, আলজেরিয়ান, তিউনিসিয়ান ও লিবিয়ান; এবং
2. সংখ্যাগরিষ্ঠ মিডল ইস্টার্ন (Middle Eastern, ME) গ্রুপসমূহ: ইয়েমেনি, ইরানী, ফিলিস্তিনি, ইরাকি, লেবানিজ, ইসরায়েলি, জর্ডানিয়ান, সিরিয়ান, আর্মেনিয়ান ও সৌদি; এবং
3. অন্যান্য মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান (Middle Eastern and North African, MENA) গ্রুপসমূহ

সিনেটের ডেপুটি লিডার Michael Gianaris (মাইকেল গিয়ানারিস) বলেন, "নিউ ইয়র্কবাসীদের জাতীগত পরিচয় ভুলভাবে শ্রেণিবিন্যাস করা শুধুমাত্র আপত্তিকরই নয়, বরং নির্দিষ্ট কমিউনিটির প্রাপ্ত সার্ভিসসমূহ ও সংস্থানসমূহের উপর বাস্তব জীবনের প্রভাব রয়েছে। আমি গর্বিত যে গভর্নর নিউ ইয়র্কের মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান কমিউনিটিগুলিকে স্বীকৃতি ও মর্যাদা দেওয়ার জন্য এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করছেন।"

অ্যাসেম্বলিমেম্বার Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস) বলেন, "দীর্ঘদিন ধরে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান (MENA)কমিউনিটিগুলো আমাদের ডেটা সংগ্রহের অভাব বা তথ্য আলাদা করার ঘাটতির কারণে অদৃশ্য হয়ে গেছে। আদমশুমারিতে এই বিভিন্ন কমিউনিটির জন্য বিভাগগুলো অন্তর্ভুক্ত না করে এবং আমাদের স্টেট প্রতিষ্ঠানগুলোতে ডেটা বিচ্ছিন্ন না করে, প্রতিবেশীদের চাহিদাগুলো হিসাববিহীন হয়ে পরেছে এবং আমাদের সকল প্রক্রিয়ার চাহিদাগুলো আরো ভালোভাবে উপস্থাপন করার জন্য সরকারের সবসময় কাজ করা উচিত। এই বিলটি আইনে স্বাক্ষর করার জন্য মালিকাহ (Malikah), সংগঠনগুলোর জোট মালিকাহ ও আমার সিনেট পার্টনার, সিনেটর Gianaris (গিয়ানারিস)-এর সাথে কাজ করতে পেরে আমি খুবই গর্বিত। এই কমিউনিটিগুলোকে হিসাব করা ও আরো ভালোভাবে বুঝা ও তুলে ধরার সময় অতিবাহিত হয়ে গেছে। এই বিষয়টি স্বীকৃতি দেওয়ার জন্য এবং বিলে স্বাক্ষর করার জন্য গভর্নর Hochul (হোকল) ধন্যবাদ। এটি আমাদের সরকার হিসেবে MENA কমিউনিটিগুলোকে আরও ভালোভাবে সেবা করার অনুমতি প্রদান করে এবং তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য রিসোর্স সরবরাহ করতে সম্ভব করে তুলবে।"

স্টেট সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেন, "মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান নিউ ইয়র্কবাসীগণ আমাদের ডেটাতে সঠিকভাবে স্বীকৃতি পেয়েছে এবং তাদেরকে যথাযথভাবে তুলে ধরা হয়েছে তা দেখে খুবই আনন্দিত। গভর্নর, Sen. Gianaris (সেন. গিয়ানারিস), AM Gonzalez-Rojas (AM গঞ্জালেজ-রোজাস) ও MENA কমিউনিটির সহায়তার পক্ষে দাঁড়ানো সকল অ্যাডভোকেটদের ধন্যবাদ।"

অ্যাসেম্বলিমেম্বার Deborah Glick (ডেবোরাহ গ্লিক) বলেন, "আমি এই বিলটির সহযোগী-স্পন্সর করতে পেরে গর্বিত এবং আমি খুশি যে এটি আইনে কার্যকর হবে। সরকারের উচিত আমাদের বিস্ময়কর ভিন্নধর্মী জনসংখ্যার জনসংখ্যাতাত্ত্বিক সংখ্যা সঠিকভাবে রিপোর্ট করার চেষ্টা করা এবং এই ডেটা সংগ্রহ করে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান বংশোদ্ভুত নিউ ইয়র্কবাসীদের কীভাবে স্বীকৃতি এবং সহায়তা করা হয় তা জানাতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলিমেম্বার Jo Anne Simon (জো অ্যান সাইমন) বলেন, "এই আইনটি নিশ্চিত করে যে নিউ ইয়র্ক স্টেটের জনসংখ্যাতাত্ত্বিক সংখ্যার ডেটাতে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার কমিউনিটিগুলোকে সঠিকভাবে তুলে ধরে হয়েছে। দীর্ঘদিন ধরে, এই বৈচিত্র্যময় কমিউনিটিগুলো এমন বিভাগগুলোতে সাজানো হয়েছে যা তাদের ব্যতিক্রমী অভিজ্ঞতা, চাহিদা ও অবদানকে অস্পষ্ট করে তোলে। আমাদের স্টেটের সত্যিকারের বৈচিত্র্যকে প্রতিফলিত করে, ইক্যুইটি প্রচার করে এবং আমাদের চলমান অংশকে আরও ভালভাবে পরিবেশন করার অনুমতি প্রদান করে এমন নীতিগুলি গঠনের জন্য সঠিক তথ্য সংগ্রহ জরুরি।"

অ্যাসেম্বলিমেম্বার Rebecca Seawright (রেবেকা সিরাইট) বলেন, "প্রতিনিধিত্ব গুরুত্বপূর্ণ। আমাদের শহর, স্টেট ও দেশ জুড়ে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকান (MENA) বংশোদ্ভুত ব্যক্তিদের প্রতি বর্ণবাদ ও জাতিগত কারণে বৈষম্য প্রতিরোধে এই গুরুত্বপূর্ণ আইনটিতে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এর প্রশংসা করি। এই গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার পাশাপাশি MENA নিউ ইয়র্কবাসীগণ আর ভাষাগত অ্যাক্সেস, আবাসন, স্বাস্থ্যসেবা ও আরও অনেক কিছুর সাথে সমাজে স্বীকৃত ও সাহায্যপ্রাপ্ত হবে।"

অ্যাসেম্বলিমেম্বার Nader J Sayegh (নাদের জে সায়েঘ) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলিম্যান পদে নির্বাচিত প্রথম জর্ডানি-আমেরিকান হিসেবে আমি মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার পরিচয়কে স্বীকৃতি প্রদান করে এমন গুরুত্বপূর্ণ আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে অভিনন্দন জানাই। এখন, মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার চলমান অংশগুলি অবশেষে স্বীকৃত হতে পারে এবং তাদের প্রতিনিধিদের মাধ্যমে তাদের চাহিদাসমূহ পূরণ হতে পারে।"

অ্যাসেম্বলি মেম্বার Catalina Cruz (ক্যাটালিনা ক্রুজ) বলেন, "আজ, নিউ ইয়র্ক স্টেট ন্যায়বিচার ও সঠিক প্রতিনিধিত্বের দিকে একটি স্মরণীয় পদক্ষেপ গ্রহণ করেছে," অ্যাসেম্বলিমেম্বার Catalina Cruz (ক্যাটালিনা ক্রুজ) বলেন। "এই আইনটি নিশ্চিত করে যে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার (MENA) কমিউনিটিগুলোকে তাদের স্বতন্ত্র পরিচয় ও তারা যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হয়েছে তার প্রতিফলিত করে বিশেষ করে জাতিগত বৈষম্য ও জাতিগত কারণে বৈষম্যের পরিপেক্ষিতে জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংগ্রহের ক্ষেত্রে আর অবহেলা করা হবে না। আমি আমার সহকর্মী, বিলের স্পনসর, অ্যাসেম্বলিমেম্বার Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস)-কে অভিনন্দন জানাই। তার অক্লান্ত নেতৃত্ব এই গুরুত্বপূর্ণ সমস্যাটিকে অগ্রগামী করেছে। আমি গভর্নর Hochul (হোকল)-কে এই বিলটি পাস করে আইনে পরিণত করার জন্য, অন্তর্ভুক্তির প্রতি তার প্রতিশ্রুতি তুলে ধরার জন্য এবং নিউ ইয়র্কের প্রতিটি কমিউনিটিকে স্বীকৃত এবং মূল্যবান দেখানোর জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার Dr. Anna Kelles (ড. আনা কেলেস) বলেন, "আমরা জানি যে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার বংশোদ্ভুত নিউ ইয়র্কবাসীগণ ধারাবাহিকভাবে স্বতন্ত্রের বৈষম্যের সম্মুখীন হয় যা ক্রমবর্ধমান স্বাস্থ্যগত বৈষম্যের দিকে ধাবিত করে। তারা আবাসনজনিত নিরাপত্তাহীনতা, পারিবারিক সহিংসতা ও দারিদ্র্যের জন্যও বেশি ঝুঁকিতে রয়েছে। তবুও আমরা যে জনসংখ্যাগত শ্রেণিবিন্যাস সিস্টেমটি ব্যবহার করি সেগুলি তাদের পরস্পরের অস্তিত্বকে ঢেকে রাখে এবং স্টেট জুড়ে তাদের সহায়তাকে হ্রাস করে। এই বৈষম্যগুলি সমাধান করার একমাত্র সঠিক পদক্ষেপ হল তাদের জীবনধারা ও অভিজ্ঞতাকে আড়াল করে আমাদের অভ্যাসকে হোয়াইট হিসেবে শ্রণিবদ্ধ করে পরিবর্তন করা। আমি বিলের স্পনসর সিনেটর Michael Gianaris (মাইকেল গিয়ানারিস) ও অ্যাসেম্বলিমেম্বার Jessica Gonzalez-Rojas (জেসিকা গঞ্জালেজ-রোজাস)-কে নিউ ইয়র্কের জনসংখ্যাতাত্ত্বিক তথ্য সংগ্রহের এই অনুশীলনটি পরিবর্তন করতে এই গুরুত্বপূর্ণ আইনটিকে চ্যাম্পিয়ন করার জন্য এবং এই গুরুত্বপূর্ণ আইনটি আমাদের স্টেটের আইন কিনা তা নিশ্চিত করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলিমেম্বার Chris Burdick (ক্রিস বার্ডিক) বলেন, "মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার (MENA) বংশোদ্ভূত নিউ ইয়র্কবাসীদের NYS ডেটা সংগ্রহের মাধ্যমে স্বীকৃতি দেওয়া নিশ্চিত করার জন্য এই আইনটি গুরুত্বপূর্ণ, যা স্টেট সার্ভিস ও সাহায্য প্রদানের জন্য গুরুত্বপূর্ণ। এই সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী কার্যত অদৃশ্য হয়ে গেছে এবং যেমন প্রয়োজনীয় সংস্থানসমূহ অর্জন করতে সক্ষম হয়নি। বিলটির সহযোগী-স্পন্সর হিসেবে আমি আইনে স্বাক্ষর করার জন্য গভর্নরের প্রশংসা করি এবং স্বীকার করি যে এটি প্রতীকী নয়, কিন্তু বাস্তব এবং এর ফলে এই কমিউনিটিগুলির জন্য সমতা বৃদ্ধি পাবে।"

অ্যাসেম্বলিমেম্বার MaryJane Shimsky (মেরিজেন শিমস্কি) বলেন, "মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার বংশোদ্ভূত লোকেরা জাতিগত ও সাংস্কৃতিক ঐতিহ্যের একটি ব্যতিক্রমী সেট শেয়ার করে এবং 11 সেপ্টেম্বরের হামলার পর থেকে বছরগুলোতে তাদের পরিচয়ের জন্য বারবার নির্যাতিত হয়েছে। AAPI কমিউনিটিকে স্বীকৃতি দেওয়ার জন্য আমাদের 2021 সালের আইনের অগ্রগতির উপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) এর আজকের স্বাক্ষরিত আইনটি আমাদের চাহিদার ক্ষেত্রগুলোকে শনাক্ত করতে, ঘৃণ্য অপরাধগুলিকে ট্র্যাক করতে এবং আমাদের MENA বাসিন্দাদের মানবাধিকার রক্ষা করতে সক্ষম করবে। আমি এই বিলের জন্য এবং আমাদের কমিউনিটির প্রতি জন্য তার সাহায্যের জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই।"

মালিকাহ'র নির্বাহী পরিচালক ও প্রতিষ্ঠাতা Rana Abdelhamid (রানা আবদেলহামিদ) বলেন, "ছোট মিশরে বেড়ে ওঠা ও সংগঠিত একজন হিসেবে, আমি স্টেট সিনেটর Gianaris (গিয়ানারিস) এবং অ্যাসেম্বলিমেম্বার Gonzalez Rojas (গঞ্জালেজ রোজাস)-এর নেতৃত্বের সহায়তায় গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) কর্তৃক NY MENA ডেটা ডিস্যাগ্রিগেশন বিল পাস করা এবং স্বাক্ষর করতে দেখে খুশি হয়েছি। এটি MENA নিউ ইয়র্কবাসীদের গণনা করা হয়েছে, দেখা গেছে ও সহায়তা করা হয়েছে তা নিশ্চিত করার জন্য এটি একটি অত্যন্ত প্রয়োজনীয় ও দীর্ঘ-প্রতীক্ষিত পদক্ষেপ। এই প্রচেষ্টার গুরুত্বপূর্ণ নাগরিক অধিকার ও ন্যায়বিচারের প্রভাব রয়েছে, কিন্তু আমরা জানি এটা কেবলমাত্র শুরু। নিউ ইয়র্কের MENA কমিউনিটিগুলো আমাদের প্রাপ্য ন্যায্যতা, দৃশ্যমানতা ও প্রতিনিধিত্ব অর্জন করে তা নিশ্চিত করার জন্য আমাদের অবশ্যই একটি জোট হিসেবে সংগঠিত হওয়া চালিয়ে যেতে হবে। মালিকাহ এই কাজের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ এবং আমি জনগণের সম্মিলিত শক্তি ও আমাদের NY MENA জোটের জন্য গর্বিত যা এই বিজয়কে সম্ভব করে তুলেছে।"

ইয়েমেনি আমেরিকান মার্চেন্টস অ্যাসোসিয়েশন ও Bridging Cultures Group প্রধান নির্বাহী কর্মকর্তা ভাইস প্রেসিডেন্ট Dr. Debbie Almontaser (ড. ডেবি আলমোনটাসার) বলেন, "ইয়েমেনি আমেরিকান কমিউনিটি মার্কিন যুক্তরাষ্ট্র ও বিশ্বব্যাপী তাদের উদ্যোক্তা শিকড়ের জন্য ব্যাপকভাবে পরিচিত। ইয়েমেনি আমেরিকান মার্চেন্টস অ্যাসোসিয়েশন (Yemeni American Merchants Association) এর ভাইস প্রেসিডেন্ট ও সহযোগী প্রতিষ্ঠাতা হিসেবে, MENA বিল পাশ হওয়া NYC ও নিউ ইয়র্ক স্টেট জুড়ে 10,000 এরও বেশি ইয়েমেনি আমেরিকান ব্যবসা প্রতিষ্ঠানের জন্য অন্যান্য আরব ও নর্থ আফ্রিকান কমিউনিটির মধ্যে একটি জয়। WBE স্ট্যাটাসের পাশাপাশি একজন ব্যবসায়ের মালিক হিসেবে, আমি MWBE হিসেবে স্বীকৃত অন্যান্য সংখ্যালঘু কমিউনিটির মধ্যে জাতিগতভাবে স্বীকৃত হতে পেরে আনন্দিত। সিনেট ও অ্যাসেম্বলি এবং গভর্নর Hochul (হোকল) এর সাথে এই বিলটি আইনে স্বাক্ষর করার জন্য

তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য সিনেটর Gianaris (গিয়ানারিস) ও অ্যাসেম্বলি মেম্বার Gonzalez-Rojas (গঞ্জালেজ-রোজাস)-কে অনেক ধন্যবাদ। এম্পায়ার স্টেট আবার আমাদের দেশের বাকি অংশের জন্য চমৎকার উদাহরণের মাধ্যমে নেতৃত্ব প্রদান করছে।"

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের (New York Immigration Coalition) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী আধিকারিক Murad Awawdeh (মুরাদ আওয়াদেহ) বলেন, "MENA ডেমোগ্রাফিক বিল পাস হওয়া নিউ ইয়র্ক জুড়ে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার (MENA)কমিউনিটির জন্য একটি ঐতিহাসিক মাইলফলক তুলে ধরে। কয়েক দশক ধরে, MENA ও আরব বংশোদ্ভূত কমিউনিটিগুলি আমাদের সরকারী প্রতিষ্ঠানগুলোর মধ্যে অদৃশ্য ছিল – তাদের অতুলনীয় পরিচিতি, চ্যালেঞ্জ ও অবদানসমূহ প্রায় অবহেলিত থেকে যায়। এই আইনটি তাদের প্রাপ্য দীর্ঘ-প্রতীক্ষিত স্বীকৃতি প্রদান করে এবং স্টেট জুড়ে প্রতিনিধিত্ব ও ন্যায়পরায়ণতার জন্য চলমান লড়াইয়ে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপকে চিহ্নিত করে। এই গুরুত্বপূর্ণ আলোচনায় MENA কমিউনিটিগুলিকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে নিউ ইয়র্ক নিশ্চিত করে যে তাদের মতামত এমন নীতি গঠনে ভূমিকা নিতে পারে যা তাদের জীবনকে সরাসরি প্রভাবিত করে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরও ন্যায়সঙ্গত ভবিষ্যতের জন্য অবদান রাখে।"

উইমেনস এমপাওয়ারমেন্ট কোয়ালিশন অব NYC (Women's Empowerment Coalition of NYC) এর প্রধান নির্বাহী আধিকারিক ও প্রতিষ্ঠাতা Somia Elrowmeim (সোমিয়া এলরোমেইম) বলেন, "MENA ডেটা ডিসগ্রিগেশন বিল পাস হওয়া নিউ ইয়র্কে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার কমিউনিটির জন্য একটি অভূতপূর্ব অর্জন। এই আইনটি এই কমিউনিটির অনন্য চ্যালেঞ্জ ও অবদানকে স্বীকৃতি প্রদান করে কয়েক দশকের অদৃশ্যতার সমাধান করে। ডেটা ও সিদ্ধান্ত গ্রহণে তাদের অন্তর্ভুক্তি নিশ্চিত করার মাধ্যমে, এটি আরও ন্যায্যতা ও প্রতিনিধিত্বের পথ প্রশস্ত করে। NYC এর উইমেনস এমপাওয়ারমেন্ট কোয়ালিশন এই মাইলফলকটিকে বাস্তবে পরিণত করতে নিউ ইয়র্ক MENA কোয়ালিশনের অসাধারণ সদস্যদের সাথে অত্যন্ত ঘনিষ্ঠভাবে কাজ করতে পেরে গর্বিত। এই সাফল্য সহযোগিতার শক্তি ও MENA কমিউনিটিগুলোকে দেখতে পাওয়া, শোনা ও তাদের জীবনকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তগুলিতে অন্তর্ভুক্ত করা নিশ্চিত করার জন্য আমাদের শেয়ার করা প্রতিশ্রুতিকে তুলে ধরে।"

আর্মেনিয়ান-আমেরিকান অ্যাকশন নেটওয়ার্ক (Armenian-American Action Network) নিউ ইয়র্কের ফিল্ড অর্গানাইজার Christine Serdjenian Yearwood (ক্রিস্টিন সার্ডজেনিয়ান ইয়ারউড) বলেন, "MENA নিউ ইয়র্কবাসীদের নাগরিক অধিকারের জন্য এটি একটি ঐতিহাসিক ও অবিশ্বাস্য মুহূর্ত। আমাদের কমিউনিটিগুলো অবশেষে তাদের প্রাপ্য প্রতিনিধিত্ব পাবে। আপনি যখন এটি দেখবেন, আপনি তখন এটি হতে পারবেন। এই দিনটি বিজয়ের দিন, আমাদের কমিউনিটি ও প্রজন্মের শক্তির জন্য ধন্যবাদ যারা তাদের উত্তরাধিকারের জন্য লড়াই করেছে। ইতিহাসে প্রথমবারের মত আমরা নিউ ইয়র্কে MENA কমিউনিটি হিসেবে আমরা কে সেটির আরও সঠিক হিসাব পাব। আর্মেনিয়ানরা ডেটাতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য দীর্ঘ ও কঠোর লড়াই করেছে। আর্মেনিয়ান-আমেরিকান অ্যাকশন নেটওয়ার্ক নিউ ইয়র্কের বিভিন্ন MENA কমিউনিটির সঠিক জনসংখ্যাতাত্ত্বিক সংখ্যা সনাক্তকরণ

তৈরি করতে এবং এই বিলটিকে উৎসাহের সাথে সমর্থন করেছে। এই বিলের মাধ্যমে, আমরা অবশেষে নিউ ইয়র্ক স্টেটের আদমশুমারিতে নিজেদের ও আমাদের অভিজ্ঞতাগুলি সঠিকভাবে প্রতিফলিত হয়েছে তা দেখতে পাব। আমরা সিনেটর Gianaris (গিয়ানারিস) ও অ্যাসেম্বলি মেম্বার Gonzalez-Rojas (গঞ্জালেজ-রোজাস)-কে বছরের পর বছর ধরে তাদের সাহায্যের জন্য এটি পাস করার জন্য সিনেট ও অ্যাসেম্বলিকে এবং এটি আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই। আমরা MENA নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের সকলের স্বাস্থ্য, প্রতিনিধিত্ব, নাগরিক অধিকার ও অর্থনৈতিক কল্যাণ বৃদ্ধি করবে এমন প্রভাবের জন্য আমরা অত্যন্ত আশাবাদী।"

এমগেজ (Emgage) নিউ ইয়র্ক মেট্রোর নির্বাহী পরিচালক Heba Khalil (হেবা খলিল) বলেন, "এটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে MENA কমিউনিটির জন্য একটি ঐতিহাসিক বিল পাস, বিশেষ করে এমন একটি কঠিন বছরে। আমরা যখন ভবিষ্যতের দিকে তাকাই, আমরা বিশ্বাস করি এবং আশা করি যে MENA ডেটা সংগ্রহ MENA নিউ ইয়র্কবাসী ও সকল নিউ ইয়র্কবাসীদের উপর ইতিবাচক ও দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে কারণ আমরা কাজ করি এবং আমাদের সকলের জন্য আরও ন্যায়সঙ্গত ভবিষ্যতের জন্য লড়াই করি। এই গুরুত্বপূর্ণ বিলটি পাস করা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেট ও MENA জোটকে ধন্যবাদ।"

কোয়ালিশন ফর এশিয়ান আমেরিকান চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ (Coalition for Asian American Children and Families, CACF) এর সহ-নির্বাহী পরিচালক Anita Gundanna (অনিতা গুন্ডানা) ও Vanessa Leung (ভেনেসা লিউং) বলেন, "নিউ ইয়র্ক স্টেট MENA ডেটা ডিসগ্রিগেশন বিল স্বাক্ষর করে মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার (Middle Eastern and North African, MENA) নিউ ইয়র্কবাসীদের স্টেট ডেটা সংগ্রহের স্বীকৃতি নিশ্চিত করার জন্য একটি ঐতিহাসিক পদক্ষেপ। "MENA নিউ ইয়র্কবাসীগণ স্বাস্থ্য, শিক্ষা, আবাসন ও রাজনৈতিক প্রতিনিধিত্বের ক্ষেত্রে অনন্য সংগ্রামের অভিজ্ঞতা অর্জন করে এবং এই কমিউনিটিগুলির উপর স্পষ্ট, বিচ্ছিন্ন ডেটা থাকার ফলে আমাদের স্টেট ও নগর সরকারগণের পাশাপাশি নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোকে এই জনসংখ্যাকে তাদের প্রয়োজনীয় সংস্থানগুলি পাওয়ার উপায়গুলিতে আরও ভালভাবে সহযোগিতা করার অনুমতি প্রদান করবে। আমরা এই বিলটিকে সমর্থন করার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-কে ধন্যবাদ জানাই এবং এই আইনটি স্বাক্ষরিত হয়েছে তা নিশ্চিত করার জন্য তাদের অক্লান্ত পরিশ্রমের জন্য Sen. Michael Gianaris (সেন মাইকেল গিয়ানারিস), অ্যাসেম্বলি মেম্বার Jessica González-Rojas (জেসিকা গনজালেজ-রোজাস) ও NY MENA কোয়ালিশনে আমাদের সকল সহযোগী অ্যাডভোকেট ও কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলিকে অভিবাদন জানাই।"

আরব আমেরিকান ফ্যামিলি সাপোর্ট সেন্টারের অ্যাডভোকেসি অ্যান্ড এনগেজমেন্টে লিড Salma Mohamed (সালমা মোহাম্মদ) বলেন, "দেশের সবচেয়ে বৈচিত্র্যময় শহরগুলোর মধ্যে একটিতে, মিডল ইস্টার্ন ও নর্থ আফ্রিকার বংশোদ্ভূত নিউ ইয়র্কবাসীগণ 'হোয়াইট' ও 'অন্যান্য' এর মত অস্পষ্ট বিভাগে একত্রিত হয়ে আর অদৃশ্য থাকবে না।' স্বীকৃতির এই অভাব সাংস্কৃতিক প্রতিনিধিত্বকে সীমাবদ্ধ করেছে এবং আরও উদ্বেগজনকভাবে, উপযুক্ত স্বাস্থ্যসেবা ও কমিউনিটির মূলধনের অ্যাক্সেসের পশাপাশি আমাদের কমিউনিটির প্রকৃত চ্যালেঞ্জ ও চাহিদাগুলিকে আড়াল করেছে। আমরা গভর্নর Hochul (হোকল), স্টেট সিনেটর Gianaris

(গিয়ানারিস) ও অ্যাসেম্বলি মেম্বার Gonzalez-Rojas (গঞ্জালেজ-রোজাস)-কে তাদের সাহায্যের জন্য ধন্যবাদ জানাই।"

আরব আমেরিকান অ্যাসোসিয়েশন অব নিউ ইয়র্ক কোয়ালিশন (Arab American Association of New York Coalition, AAANY) এর সংগঠক Maryam Khaldi (মেরিয়ম খালদি) বলেন, "নিউ ইয়র্কের প্রাণবন্ত MENA কমিউনিটির সমর্থক হিসেবে, আমরা AAANY-তে কয়েক দশকের অদৃশ্যতা দূর করার দিকে এই ঐতিহাসিক পদক্ষেপটি উদযাপন করি। এই বিলের মাধ্যমে, আরো ভালো প্রতিনিধিত্ব, গুরুত্বপূর্ণ রিসোর্সগুলোতে ন্যায়সঙ্গত অ্যাক্সেস ও আমাদের সত্যিকারের উপস্থিতি ও চাহিদাগুলো প্রতিফলিত করে এমন ডেটার জন্য দরজা খুলে যায়। যাইহোক, আমাদের অবশ্যই স্বীকার করতে হবে যে তালিকায় ইসরায়েলের অন্তর্ভুক্তি ফিলিস্তিন ও ফিলিস্তিনি কমিউনিটিকে অব্যাহতভাবে মুছে ফেলার ক্ষেত্রে অবদান রাখে। ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা আমাদের সমর্থনে অবিচল রয়েছি।"

মুসলিম কমিউনিটি নেটওয়ার্কের নির্বাহী পরিচালক Husein Yatabarry (হুসেইন ইয়াতাবারি) বলেন, "MENA ডেটা বিচ্ছিন্নকরণ বিল পাস করা আমাদের কমিউনিটিসমূহের জন্য দীর্ঘদিনের প্রত্যাশিত বিজয়। এটা নিশ্চিত করে যে MENA নিউ ইয়র্কবাসীগণ আর অদৃশ্য নয় এবং কমিউনিটিটি স্বীকৃত। এটা শুধু তথ্যের চেয়ে বেশি; এটি ন্যায্যতা, সম্পদ ও প্রতিনিধিত্ব সম্পর্কে। মুসলিম কমিউনিটি নেটওয়ার্কে, আমরা এই ঐতিহাসিক মাইলফলক অর্জনে NY MENA কোয়ালিশনের পাশে দাঁড়াতে পেরে গর্বিত। আমরা যখন পরিবর্তনের জন্য লড়াই করতে একত্রিত হই তখন এটিই ঘটে – আমাদের কমিউনিটিসমূহকে অবশেষে দেখা গেছে এবং গণনা করা হয়েছে।"

ইয়ামা অ্যাকশনের (YAMA Action) সভাপতি Youssef Mubarez (ইউসেফ মুবারেজ) বলেন, "MENA ডেটা ডিস্যাগ্রিগেশন বিলে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এর স্বাক্ষর আমাদের কমিউনিটির কাজের প্রমাণ। এই অগ্রগতিটি উদযাপন করার একটি মহুর্ত, কারণ এটি নিশ্চিত করে যে ইয়েমেনি-আমেরিকান কমিউনিগুলি ও অন্যান্য MENA জনগোষ্ঠী দেখা যায়, শোনা যায় এবং গণনা করা হয়। আরও সঠিক তথ্যের মাধ্যমে, আমরা ইয়েমেনি মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের অবিশ্বাস্য অবদানকে আরও ভালভাবে তুলে ধরতে পারি, যা নিউ ইয়র্ক জুড়ে আশেপাশের এলাকার কেন্দ্রবিন্দুতে রয়েছে এবং নিশ্চিত করতে পারি যে তারা তাদের প্রাপ্য সম্পদ ও স্বীকৃতি পেয়েছে। আমরা সিনেটর Gianaris (গিয়ানারিস) ও অ্যাসেম্বলি সদস্য Gonzalez-Rojas (গঞ্জালেজ-রোজাস)-কে তাদের সাহায্যের জন্য ও গভর্নর Hochul (হোকল)-কে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং এটি আমাদের কমিউনিটির জন্য যে ইতিবাচক প্রভাব নিয়ে আসবে তার প্রত্যাশায় রয়েছি।"

ইয়েমেনি আমেরিকান কমিউনিটি অ্যাক্টিভিস্ট Badr Alsaidi (বদর আলসাইদি) বলেন, "এই বিলটি পাস করা আমাদের কমিউনিটির জন্য দীর্ঘদিন ধরে ঝুলে ছিল। দশকের পর দশক ধরে আমাদের ভুলভাবে উপস্থাপন করা হয়ছে এবং সংস্থান-কম দেওয়া হয়েছে। এটি ন্যায্য প্রতিনিধিত্ব অর্জনের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করে, এটি নিশ্চিত করে যে আমরা দেখেছি, শুনেছি এবং সমর্থন পেয়েছি। আমরা একটি জোট হিসেবে আমাদের কাজ

চালিয়ে যাওয়ার অপেক্ষায় রয়েছি যাতে আমাদের কমিউনিটিগুলি তাদের দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তগুলিতে জোড়ালো আওয়াজ থাকে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন